গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী
ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489
ফোন ঃ ০২৫৮৮৮৫০৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স ঃ ০৭২১-৮১২৬৩২

বিজ্ঞপ্তি নং- আরজিসিসি/২০২৬-

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি সিটি কলেজের সংশ্লিষ্ট সকলকে আনন্দের সঙ্গে অবহিত করা যাচ্ছে যে, বরাবরের মতো এবারেও রাজশাহী সরকারি সিটি কলেজ কর্তৃক বার্ষিকী **'অয়ন-২০২৬'** প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বার্ষিকীতে লিখতে ইচ্ছুক সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তাবলি মেনে যে কোনো এক বা একাধিক বিষয়ের উপর লেখা আহ্বান করা যাচ্ছে।

## লেখার বিষয়

ছোটগল্প, অণুগল্প/খুদেগল্প, কবিতা, ছড়া, প্রবন্ধ-নিবন্ধ, স্মৃতিকথা (কলেজ সম্পর্কিত), বৈজ্ঞানিক কল্পকাহিনি, ভ্রমণকাহিনি, কৌতুক, রম্যরচনা, নাটিকা/জীবন্তিকা, লোকছড়া ও লোকপ্রবাদ ।

## লেখার নিয়মাবলি

* সম্পূর্ণ নিজস্ব লেখা হতে হবে (কপিরাইট আইন অনুসরণীয়)।
* হার্ড কপির ক্ষেত্রে SutonnyMJ ফন্টে টাইপ করে A4 সাইজের কাগজে সর্বোচ্চ-২০০০ শব্দের মধ্যে প্রিন্ট দিয়ে জমা দিতে হবে অথবা হাতে লেখার ক্ষেত্রে স্পষ্ট হস্তাক্ষরে A4 সাইজের কাগজে এক পৃষ্ঠায় লিখতে হবে।
* একজন লেখক একাধিক বিষয়ে লেখা জমা দিতে পারবেন।
* শিক্ষার্থীদের ক্ষেত্রে লেখার সাথে আলাদা কাগজে নাম, শ্রেণি, বিষয়, বর্ষ, ক্লাসরোল ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
* অন্যদের ক্ষেত্রে নাম, পদবি/পেশা ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
* রাষ্ট্র, সমাজ বা ধর্মবিরোধী কোনো লেখা, বিশেষ কোনো ব্যক্তি, দল, গোষ্ঠী বা সম্প্রদায়কে লক্ষ্য করে উস্কানি, বিতর্ক বা বিভ্রান্তিমূলক লেখা, কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে আঘাত দেয় এমন লেখা সম্পূর্ণরূপে পরিহার করতে হবে।
* লোকছড়া ও লোকপ্রবাদ লেখার ক্ষেত্রে বাংলাদেশের কোন অঞ্চলের তা উল্লেখ করতে হবে।
* লেখা প্রকাশের ব্যাপারে প্রকাশনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**লেখা জমা দেয়ার শেষ তারিখ: ১৫ আগস্ট ২০২৬ খ্রি.**

লেখা জমাদানের স্থান : সফট কপি- 2014ahai@gmail.com
: হার্ড কপি- কেন্দ্রীয় গ্রন্থাগার, রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

প্রতিস্বাক্ষর
অধ্যক্ষ
রাজশাহী সরকারি সিটি কলেজ

আহ্বায়ক
২৭.০৭.২০২৬
প্রকাশনা কমিটি
রাজশাহী সরকারি সিটি কলেজ

অবগতি ও অনুলিপি:

১. উপাধ্যক্ষ, রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী
২. সকল বিভাগীয় প্রধান, (বিভাগের নোটিশ বোর্ড, ফেসবুক পেজ ও স্নাতক সম্মান শ্রেণিতে প্রচারের অনুরোধসহ )
৩. আহ্বায়ক, প্রকাশনা কমিটি, রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী
৪. প্রধান সহকারী (কলেজ ওয়েবসাইট, ফেসবুক, ডিজিটাল নোটিশ বোর্ড এবং ক্লাশে প্রচারের জন্য )